সৃজনশীল বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

মুজিব শতবর্ষ

২০ জুন ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

# জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা পাচ্ছেন সিলেটের ১০ গুণিজন

শিল্প-সংস্কৃতিতে বিশেষ অবদানের জন্য সিলেটের ১০ গুণিজন পাচ্ছেন জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা। জেলা শিল্পকলা একাডেমি সিলেট ২০১৩ সাল থেকে প্রতি বছর এই সম্মাননা দিয়ে থাকেন। এ প্রসঙ্গে জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত জানান যে, করোনা মহামারির কারণে ২০১৯ সালে সম্মাননা দেয়া সম্ভব হয়নি। এবার তাই ২০১৯ এবং ২০২০ এই দুইবছরের সম্মাননা একসঙ্গে দেয়া হবে। অতিশীঘ্রই অনুষ্ঠানের মাধ্যমে সম্মাননা প্রাপ্তদের হাতে পদক, দশ হাজার টাকার চেক ও সনদপত্র প্রদান করা হবে।

বাছাই কমিটি কর্তৃক ২০১৯ সালের জন্য চূড়ান্ত মনোনীত ৫ গুণিজন হচ্ছেন কণ্ঠসংগীতে আমিরুন্নেছা খাতুন, নাট্যকলায় অরিন্দম দত্ত চন্দন, চলচ্চিত্রে নিরঞ্জন দে, সৃজনশীল সংস্কৃতি গবেষক ক্যাটাগরিতে জফির সেতু এবং চারুকলায় সুভাষ চন্দ্র নাথ।

২০২০ সালের জন্য চূড়ান্ত মনোনীত ৫ গুণিজন হচ্ছেন কণ্ঠসংগীতে আকরামুল ইসলাম, যন্ত্রসংগীতে (দোতারা) মো. আকরাম আলী, নাট্যকলায় আফজাল হোসেন অন্টু, লোকসংস্কৃতিতে মোস্তাক আহমাদ দীন এবং সৃজনশীল সংগঠক হিসেবে রজত কান্তি গুপ্ত।

২০/০৬/২০২১

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
shilpakalasylhet@gmail.com